

# ‘বাংলাদেশের নতুন শিক্ষাক্রম সার্কিলুক্ত দেশগুলো ফলো করছে’

অনলাইন ডেক্স

১৩ জুলাই ২০২৪, ০৭:৩০ পিএম



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শান্তা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন মাউশি মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদ। ছবি: সংগৃহীত

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) নতুন মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদ বলেছেন, ‘বাংলাদেশের নতুন কারিকুলামের শিক্ষাব্যবস্থা অন্যান্য সার্কিলুক্ত দেশগুলো ফলো (অনুসরণ) করার চেষ্টা করছে। নতুন কারিকুলাম নিয়ে আমরা যে কাজটা শুরু করেছি ভারতেও তা পাইলটিং হচ্ছে। হয়তোবা তারাও (ভারত) ১-২ বছরের ভেতরে এই শিক্ষা ব্যবস্থা নিয়ে আসবে। আশার কথা হলো, সার্কিলুক্ত দেশগুলোর মধ্যে আমরাই এই কাজটি প্রথম শুরু করেছি।’

আজ শনিবার দুপুরে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শান্তা নিবেদন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।

অধ্যাপক নেহাল আহমেদ বলেন, ‘নতুন কারিকুলাম নিয়ে বিভিন্ন কোচিং সেন্টার অভিভাবকদের মিসিলিড করে। কারণ, কোচিংয়ের বই ও গাইডের একটা বিশাল মার্কেট আছে। আমরা মোটামুটি খবর পেয়েছি তিন হাজার কোটি টাকার ওপরে তারা পুঁজি খাটিয়েছে। এত টাকা খাটিয়েছে আর এখন তাদের বই, কোচিং চলবে না, স্বাভাবিকভাবে এদের একটা বিশাল গ্রন্থ তৈরি হয়েছে। এই গ্রন্থটাই আমাদের বিপক্ষে অবস্থান নেবে। তাই নতুন কারিকুলাম নিয়ে অভিভাবকদের উদ্দিগ্ধ হওয়ার কোনো কারণ নেই। সারাবিশ্বের সঙ্গে তাল মেলাতে আমাদের এমন রূপান্তর ঘটানো ছাড়া বিকল্প ছিল না।’

সরকারি কলেজে দৈনিক মজুরিভিত্তিক কর্মচারীদের সরকারিকরণের বিষয়ে মাউশি মহাপরিচালক বলেন, 'এ বিষয়ে আমাদের একটা চেষ্টা আছে, আলোচনা আছে। কিন্তু অনেকের সরকারি চাকরি করার বয়স নেই। তাই অন্য কোনোভাবে তাদের প্রোত্তাইত করা যায় কি না- সেটা মন্ত্রণালয়ের চিন্তাভাবনার মধ্যে আছে।'

এর আগে, মাউশির নতুন মহাপরিচালক বঙ্গবন্ধুর সমাধিতে শন্দো নিবেদন করেন। পরে পবিত্র ফাতেহা পাঠ করে দোয়া ও মোনাজাতে অংশ নেন।

এ সময় টুঙ্গিপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মঈনুল হক, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ইলিয়াস হোসেন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাহবুবুর রহমানসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।